

Prog (ICT BRTA)
11/03/2017

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা।
www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.১৪.০৪৮.১৬-৪৫৯

তারিখ: ০৭.০৯.২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: ২০১৭-২০১৮ অর্থবছরে কুমিল্লা সড়ক জোনের পিএমপি (সড়ক-মেজর) কর্মসূচীর অগ্রাধিকার তালিকা অনুমোদন সংক্রান্ত।

সূত্র: অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, কুমিল্লা সড়ক জোন, কুমিল্লার পত্র নং-১৬১৩, তারিখ: ১৩.০৮.২০১৭ খ্রিস্টাব্দ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন কুমিল্লা সড়ক জোনের ২০১৭-২০১৮ অর্থবছরের পিএমপি (সড়ক-মেজর) কর্মসূচীর অগ্রাধিকার তালিকায় নিম্নোক্ত মহাসড়কসমূহ নিম্নবর্ণিত শর্তে অন্তর্ভুক্তির অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হল:

| ক্রম | সড়ক বিভাগের নাম | মহাসড়কের নাম | মহাসড়কের চেইনেজ | প্রস্তাবিত কাজের দৈর্ঘ্য (কিলোমিটার) | কাজের ধরণ | সম্ভাব্য কাজের ব্যয় (লক্ষ টাকায়) |
|------|------------------|--|---|--------------------------------------|--|------------------------------------|
| ১ | | রাজচাপিতলা-রামচন্দ্রপুর - পাঁচকিত্তা জেলা মহাসড়ক (জেড-১২২০) | ০০+০০০-০৭+৮০০ রাজচাপিতলা- ব্রাহ্মণচাপিতলা | ৭.৮০০ | চে: ০+০০-৭+৮০০ পর্যন্ত ৭.৮০ কিলোমিটার ১৫০ মিলিমিটার বেইজ টাইপ-২ দ্বারা মজবুতিকরণ; চে: ০+০০০-৩+৫৮০ পর্যন্ত ৬২০ মিটার আরসিসি প্যালাসাইডিং; চে: ০+০০০-৭+৮০০ পর্যন্ত ৯৭৬২ ঘনমিটার মাটির কাজসহ ৭.৮০ কিলোমিটারে ৪০ মিলিমিটার ডিবিএস ওয়ারিং কোর্স | |
| ২ | কুমিল্লা | কুমিল্লা-পালপাড়া-বুড়িচং- ব্রাহ্মণপাড়া- মিরপুর জেলা মহাসড়ক (জেড-১০৪১) | ০০+০০০-০৭+০০০ ০৯+০০০-০৯+৪৫০ ১১+০৫০-১২+২০০ শাসনপাছা-বুড়িচং | ৮.৬০০ | চে: ০০+৮৫০-১+১০০ পর্যন্ত ২৫০ মিটার পুন:নির্মাণ; চে: ৫+১৫০-৫+৪৫০, ৯+২৫০-৯+৪৫০, ১১+৫০০-১২+২০০ পর্যন্ত ১.২০ কিলোমিটার ১৫০ মিলিমিটার বেইজ টাইপ-১ দ্বারা মজবুতিকরণ; চে: ২+৪০০-২+৫৫০, ৫+৮০০-৫+৮৫০ পর্যন্ত ২০০ মিটার আরসিসি প্যালাসাইডিংসহ ৮.৬০০ কিলোমিটার মহাসড়কে ৪০ মিলিমিটার ডিবিএস ওয়ারিং কোর্স | ১১৭৩.০০ |
| ৩ | ব্রাহ্মণবাড়ীয়া | ঢাকা(কোচপুর)-ভৈরব - জগদীশপুর-শায়েরগঞ্জ - সিলেট-তামাবিল-জাফলং জাতীয় মহাসড়ক (এন-২) | ৯৩+৭৫৪-১০৭+৬০৭ শাহবাঙ্গপুর-অড়িনগর | ১২.৮৫৩ | চে: ৯৯+০৮৫-৯৯+৩৮০ (উভয় পার্শ্ব), ৯৯+৯০০-১০০+০৫০ (উভয় পার্শ্ব), ১০০+২০০-১০০+৪০০ (উভয় পার্শ্ব) ১.৩০ কিলোমিটার সোন্ডার অংশ ২০০ মিলিমিটার বেইজ টাইপ-১ দ্বারা মজবুতিকরণ; চে: ৯৩+৭৬০-৯৪+৬৫০, ৯৫+৭০০-৯৫+৯০০, ১০২+৯০০-১০৩+৭৭০, ১০৫+২০০-১০৬+০০০ পর্যন্ত ২.৭৬ কিলোমিটার ক্যারেজওয়ে ৬০ মিলিমিটার ডিবিএস দ্বারা মোরামতসহ ১২.৮৫৩ কিলোমিটার মহাসড়কের ৬০ মিমি ওভারলে | ১৯১০.৯১ |
| ৪ | ব্রাহ্মণবাড়ীয়া | ভুলতা-আড়াইহাজার- বাধরামপুর-নবীনগর-শিবপুর- রাধিকা আঞ্চলিক মহাসড়ক (আর-২০৩) | ৪৭+০০০-৫২+৮০০ রসুলাবাদ-শ্রীরামপুর | ৫.৮০০ | চে: ৪৭+০০০-৫২+৮০০ পর্যন্ত ৫.৮০ কিলোমিটার ১৫০ মিলিমিটার বেইজ টাইপ-২ দ্বারা মজবুতিকরণ; চে: ৪৭+৬৪৪-৪৭+৬৯৪, ৪৯+৫০০-৪৯+৬০০ পর্যন্ত ১০০মিটার আরসিসি প্যালাসাইডিং ও সিসি ব্লক দ্বারা রক্ষাপ্রদ কাজ; চে: ৫০+১২৫-৫০+১৭৫ পর্যন্ত ৫০ মিটার ৪০০ মিলিমিটার X ৪০০ মিলিমিটার X ২০০ মিলিমিটার সিসি ব্লক দ্বারা রক্ষাপ্রদ কাজসহ ৫.৮০০ কিলোমিটার মহাসড়কে ৫০ মিমি ওভারলে | ৫০০.০০ |
| ৫ | নোয়াখালী | ফেনী-নোয়াখালী জাতীয় মহাসড়ক (এন-১০৪) | ১৯+০৫০-৩৩+৭১০ সেবারহাট-চৌমুহনী পূর্ব বাজার | ১৪.৬৬০ | চে: ১৯+২৫০-১৯+৪১০, ২৫+৩৪০-২৫+৪৯০, ২৭+০১০-২৭+১১০, ২৮+৮১০-২৮+৮৬০ পর্যন্ত ৪৬০ মিটার বেইজ টাইপ-১ দ্বারা ১৪.৬৬০ কিলোমিটার মহাসড়কে 50mm DBS Wearing Course | ৯৫০.০০ |
| ৬ | নোয়াখালী | সোনাইমুড়ী-সেনবাগ-কল্যাণী জেলা মহাসড়ক (জেড-১৪২১) | ১৪+৫০০-২৪+৩০০ গাজীরহাট মোড়-সেনবাগ রাস্তার মাথা | ৯.৮০০ | চে: ১৪+৬০০-১৪+৮৫০, ১৭+০৬০-১৭+২১০ ২২+২৭৫০-২২+৪৭৫ পর্যন্ত ৬০০ মিটার বেইজ টাইপ-১ দ্বারা মজবুতিকরণ; ১৯তম, ২১তম, ২২তম ও ২৪তম কিলোমিটারে ৩০০ মিটার আরসিসি প্যালাসাইডিং; ১৭তম, ১৮তম ও ২০তম কিলোমিটারে ১০৫ মিটার টো-ওয়ালসহ ৯.৮০ কিলোমিটার মহাসড়কে 40mm DBS Wearing Course | |
| ৭ | নোয়াখালী | হাতিয়া (ভুঁইগরহাট) - জাহাজমাড়া জেলা মহাসড়ক (জেড-১৪৩৯) | ২৩+২৫০-৩৩+০০০ সাগরিয়া-জাহাজমাড়া গাড়ী স্টেশন | ৯.৭৫০ | চে: ২৩+১১০-২৩+২৬০, ২৬+৪২০-২৬+৫২০ ২৮+৮০০-২৮+৯০০, ৩১+২০৫-৩১+৩২০) মোট ৪৬৫ মিটার বেইজ টাইপ-২ দ্বারা মজবুতিকরণ; ২৪তম, ২৭তম, ২৯তম কিলোমিটারে ১২০ মিটার টো-ওয়াল ৯.৭৫০ কিলোমিটার মহাসড়কে 40mm Carpeting & 15mm seal Coat | ১০৭৫.০০ |
| ৮ | ফেনী | ফেনী-পরশুরাম-বিলোনিয়া জেলা মহাসড়ক (জেড-১০৩৩) | ০০+০০০-২২+৫০০ টেকনিক্যাল মোড়-পরশুরাম বাজার | ২২.৫০০ | ১০০ মিমি বেইস টাইপ- দ্বারা ১% সারফেস এরিয়া এবং ৪০ মিমি এসপল্ট দ্বারা ৩% সারফেস এরিয়া মোরামত; চে: ৪+৮০০-৪+৯০০, ৭+৭৫০-৭+৮৫০ ৮+০৫০-৮+১৫০ পর্যন্ত ৩০০ টো-ওয়াল; চে: ০১+৬০০-০১+৭০০, ০৬+৬৮০-০৬+৭৮০ ১১+২০০-১১+৩০০ পর্যন্ত ৩০০মিটার সসার ড্রেন নির্মাণসহ ২২.৫০ কিলোমিটার মহাসড়কে ৪০মিমি ওভারলে | ১২৩৫.৪৭ |
| ৯ | ফেনী | ফেনী সদর-এলাহীগঞ্জ-রাজাপুর- কোরাইশুমুশী-তুলাতলী সড়ক (জেড-১০৩০) | ০৪+০০০-২২+৭০০ এলাহীগঞ্জ বাজার-তুলাতুলি (দাগনভূঞা) | ১৮.৭০০ | চে: ০৪+০০০-০৪+২০০, ০৫+০০০-০৫+২৫০ ০৬+৩০০-০৬+৫০০, ০৭+৫০০-০৭+৭৫০ ১১+০০০-১১+২০০, ১১+৫০০-১১+৬৬৭ ১২+৩০০-১২+৯০০, ১৫+৭০০-১৫+৯৬০ ১৬+০০০-১৬+৪০০, ১৬+৫০০-১৬+৭০০ ১৭+০০০-১৭+২৫০, ১৮+৯০০-১৯+০০০ ১৯+২০০-১৯+৪০০, ২০+০০০-২০+৪০০ ২১+৩০০-২১+৫০০, ২১+৯০০-২২+০০০ ২২+৩০০-২২+৫০০ পর্যন্ত ১৫০ মিমি বেইজ টাইপ-১ দ্বারা মজবুতিকরণ; ৫০০ মিটার টো-ওয়াল নির্মাণসহ ১৮.৭০ কিলোমিটার মহাসড়কে ৪০মিমি ওভারলে | ৯৬১.৩৩ |

| | | | | | | | |
|-----|----------|---|------|-------------------------------------|---------|---|---------|
| ১০ | লক্ষীপুর | লক্ষীপুর-চরআলেকজান্ডার- সোনাপুর-মাইজদী মহাসড়ক (জেড-১৪০৫) | জেলা | ৪০+১০০-৪১+০০০ রামগড়ির বেড়ীবাঁধ | ০.৯০ | ৯০০ মিটার পেভমেন্ট পুন: নির্মাণসহ ৪০মিমি ওভারলে | ২৫৩.০০ |
| মোট | | | | | ১১১.৩৬৩ | | ৮০৫৮.৭১ |

শর্ত:

- ০১। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক-মেজর) এর আওতায় গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য ইঞ্জিনিয়ারিং পদ্ধতিতে দরপত্র আহবান করতে হবে;
- ০২। ২০১৫ সালের সওজ এর রেইট অব সিডিউল অনুযায়ী দরপত্র আহবান করতে হবে;
- ০৩। দরপত্রে অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠানের পূর্ণ নাম উল্লেখ করতে হবে এবং Joint Venture (JV) হিসেবে একাধিক ঠিকাদার কোন দরপত্রে অংশগ্রহণ করলে প্রত্যেক ঠিকাদারের আলাদা আলাদাভাবে পিএমপি (সড়ক) অথবা একই ধরনের কাজের অভিজ্ঞতা আবশ্যিকভাবে থাকতে হবে বিষয়গুলো দরপত্র দিলিলের শর্তে অন্তর্ভুক্ত করতে হবে;
- ০৪। DBS Wearing Course ও DBS Base Course এর ব্যবহৃত বিটুমিন ৬০/৭০ গ্রেড মানের হতে হবে;
- ০৫। গত ৩(তিন) অর্থবছরের মধ্যে DBST এবং ন্যূনতম গত ৪(চার) অর্থবছরের DBS Wearing Course এর কাজ হয়েছে এরূপ কোন মহাসড়ক বা মহাসড়কংশ ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মসূচীর আওতাভুক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;
- ০৬। কাজের গুণগত মান বজায় রাখার লক্ষ্যে ১০ (দশ) কোটি টাকার উপর মূল্যের প্যাকেজ করতে হবে এবং নির্মাণ কাজের জন্য ঠিকাদারকে অবশ্যই Batching Plant ব্যবহার করতে হবে। কেবল বিশেষ পরিস্থিতিতে অত্র বিভাগের অনুমতি নিয়ে ১০(দশ) কোটি টাকার নিম্নের প্যাকেজ করা যাবে;
- ০৭। ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মসূচীর আওতাভুক্ত যে সকল মহাসড়কের বিষয়ে HDM এর কোন সুপারিশ নেই সে সকল মহাসড়কের বিষয়ে সংশ্লিষ্ট মনিটরিং টিমের লিখিত সুপারিশ ব্যতীত দরপত্র আহবান করা যাবে না;
- ০৮। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় কোন কাজ চলমান আছে এরূপ কোন মহাসড়ক বা মহাসড়কংশ কর্মসূচীর আওতাভুক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;
- ০৯। মহাসড়কের অবস্থা Fair to Good Condition এ আছে এমন কোন মহাসড়ক বা মহাসড়কংশ কর্মসূচীর আওতাভুক্ত হয়ে থাকলে তাও যাচাই করে বাদ দিতে হবে;
- ১০। বর্ষা মৌসুমে বৃষ্টিতে কোন বিটুমিনাস কাজ করা যাবে না;
- ১১। ২০১৭-২০১৮ অর্থবছরের গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রতিটি প্যাকেজের নির্বাচিত ঠিকাদারকে কাজ সমাপ্তির নিমিত্ত কাজ শুরু তারিখ হতে (Notice to commence) সর্বোচ্চ ৬(ছয়) মাস সময় দেয়া যাবে। তবে প্রদত্ত সময়ের মধ্যে বর্ষাকাল হিসেবে ১৫ জুন থেকে ১৫ সেপ্টেম্বর বা অংশ বিশেষ অন্তর্ভুক্ত থাকলে সে সময়কাল অতিরিক্ত হিসেবে কার্যাদেশে অন্তর্ভুক্ত করা যাবে।
- ১২। পিপিআর ২০০৮ এর বিধি ৬১(৪) অনুযায়ী দরপত্র প্রস্তাব দাখিলের জন্য নির্ধারিত ন্যূনতম সময়সীমা ২৮ দিন দিয়ে দরপত্র আহবান করতে হবে। তবে অনিবার্য কোন কারণে দরপত্র দাখিলের সময়সীমা বৃদ্ধির প্রয়োজন হলে তা পিপিআর ২০০৮ এর বিধান মতে করতে হবে;
- ১৩। ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দর ৫% এর অধিক বেশী/কম হলে দরপত্র মূল্যায়নের সময় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক পিপিআর ২০০৮ অনুসরণ বাধ্যতামূলকভাবে রেইট এনালাইসিস করতে হবে। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক আইটেমভিত্তিক রেইট এনালাইসিস প্রতিবেদন প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট আলাদাভাবে দাখিল করতে হবে;
- ১৪। দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে পাবলিক প্রকিউরিমেন্ট আইন, ২০১৬ (১) আগষ্ট, ২০১৬ তারিখ সংশোধিত) এর ৩১(৩) ও (৪) ধারার বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- ১৫। কাজ সম্পাদনের জন্য সুপারিশকৃত দরদাতার নিজস্ব Batching plant না থাকলে ভাড়া গ্রহণের জন্য চুক্তিবদ্ধ কোন প্রতিষ্ঠানের Batching plant বাস্তব রয়েছে কিনা, অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ রয়েছে কিনা এবং সময়মত Batching plant সরবরাহ করতে সক্ষম কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে সন্তোষজনক পরিদর্শন করে দরপত্র মূল্যায়ন প্রস্তাবের সাথে আলাদাভাবে একটি প্রতিবেদন দাখিল করতে হবে;
- ১৬। কোন ধরনের দ্বৈততা পাওয়া গেলে প্রদত্ত অনুমোদন বাতিল বলে গণ্য হবে;
- ১৭। কোন অবস্থাতেই কাজ অসম্পূর্ণ রাখা যাবে না। কোন ঠিকাদারের এ বিষয়ে অনিহা বা গাফিলতি বা বিলম্ব পাওয়া গেলে জরিমানা আরোপ করে সংশ্লিষ্ট জোনে সে ঠিকাদারকে বাধ্যতামূলকভাবে ন্যূনতম ৩ বছরের জন্য Debar করতে হবে;
- ১৮। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে Defect Liability Period ৩(তিন) বছর হবে;
- ১৯। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে মহাসড়কের সাব-বেইজ বা বেইজ দুর্বল/ক্ষতিগ্রস্ত থাকলে উক্ত সাব-বেইজ বা বেইজ এর মেরামত বা প্রতিকার না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;
- ২০। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে মহাসড়কে পানি জমে মহাসড়ক ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা থাকলে সেক্ষেত্রে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;
- ২১। সড়কের পার্শ্বে ড্রেইন এমনভাবে নির্মাণ করতে হবে যাতে ড্রেইন দিয়ে পানি মহাসড়কের উপর থেকে সরে যায় এবং কোন ক্রমেই মহাসড়কের উপর পানি জমে না থাকে। এর ব্যতায় হলে তাঁর দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপর বর্তাবে;
- ২২। রিজিড পেভমেন্টের ক্ষেত্রে কংক্রিটের Strength জাতীয় ও আঞ্চলিক মহাসড়কে ন্যূনতম Class-35 এবং জেলা মহাসড়কে ন্যূনতম Class-30 মানের হতে হবে;
- ২৩। রিজিড পেভমেন্ট এবং HBB নির্মাণের ক্ষেত্রে সড়ক ও জনপথ অধিদপ্তরের ডিজাইন ইউনিট হতে ডিজাইন সংগ্রহপূর্বক কর্মসূচী বাস্তবায়ন করতে হবে; এবং
- ২৪। অন্যান্য প্রয়োজনীয় ক্ষেত্রেও সড়ক ও জনপথ অধিদপ্তরের ডিজাইন ইউনিট হতে ডিজাইন অনুমোদন করিয়ে নিয়ে কর্মসূচী বাস্তবায়ন করতে হবে।


(মোঃ নজরুল ইসলাম সরকার)

উপ সচিব

ফোন: ৯৫১৪০৭৫।

dsmaintenance@rthd.gov.bd

প্রধান প্রকৌশলী

সড়ক ও জনপথ অধিদপ্তর

সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ২। জনাব মোঃ এছান্বে এলাহী, যুগ্মসচিব (বিআরটিসি), মনিটরিং টিম প্রধান, টিম নং-৪, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৩। জনাব চন্দন কুমার দে, যুগ্মসচিব (অর্থনৈতিক ও আন্তর্জাতিক সংযোগ শাখা), মনিটরিং টিম প্রধান, টিম নং-৫, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
- ৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, কুমিল্লা সড়ক জোন, কুমিল্লা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি ইউনিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। অফিস কপি/ মাস্টার কপি।